# ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة فى الصلاة)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২. রোগীর ছালাত (صلاة المريض)

পীড়িতাবস্থায় দাঁড়াতে অক্ষম হলে কিংবা রোগবৃদ্ধির আশংকা থাকলে বসে, শুয়ে বা কাত হয়ে ছালাত আদায় করবে।[7] সিজদার জন্য সামনে বালিশ, টুল বা উঁচু কিছু নেওয়া যাবে না। যদি মাটিতে সিজদা করা অসম্ভব হয়, তাহ’লে ইশারায় ছালাত আদায় করবে। সিজদার সময় রুকূর চেয়ে মাথা কিছুটা বেশী নীচু করবে।[8] জানা আবশ্যক যে, শারঈ ওযর ব্যতীত ‘বসা মুছল্লী দাঁড়ানো মুছল্লীর অর্ধেক নেকী পেয়ে থাকেন’।[9]

## ফুটনোট

[7]. বুখারী, মিশকাত হা/১২৪৮ ‘কাজে মধ্যপন্থা অবলম্বন’ অনুচ্ছেদ-৩৪; সুনান, নায়ল ‘রোগীর ছালাত’ অনুচ্ছেদ, ৪/১১০ পৃঃ।

[8]. ত্বাবারাণী, বায়হাক্বী, সিলসিলা ছহীহাহ হা/৩২৩।

[9]. বুখারী, মুসলিম, মিশকাত হা/১২৪৯, ১২৫২, ‘কাজে মধ্যপন্থা অবলম্বন’ অনুচ্ছেদ-৩৪; মুত্তাফাক্ব ‘আলাইহ, মিশকাত হা/১১৯৮ ‘রাতের ছালাত’ অনুচ্ছেদ-৩১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9220

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন